



## ডিআইইউ'র শিক্ষার্থীদের চীনে ইন্টার্নশিপ

চীনের পাঁচ তারকা হোটেল ও রিসোর্টগুলোতে ইন্টার্নশিপের সুযোগ পাচ্ছেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) টুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থীরা। চীনের হেইনান কলেজ অব ভ্যাকেশনের সহায়তায় এ ইন্টার্নশিপ প্রোগ্রাম পরিচালিত হবে। এ-সংক্রান্ত একটি সেমিনার গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি ছিলেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য ইউসুফ মাহবুবুল ইসলাম। এতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্সের পরিচালক মো. ফখরে হোসেন, ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টারের পরিচালক আবু তাহের খান, টুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের প্রধান মাহবুব পারভেজ প্রমুখ। সেমিনার পরিচালনা করেন ফোনিক্স কনসালটেন্টসের প্রধান নির্বাহী কর্মকর্তা ফজলে রাব্বি ও প্রোপাইটর বিজয়া আনন্দ। বিজ্ঞপ্তি